**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/3/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল MTA-কে রক্ষা করতে ও পাবলিক ট্রানজিটের জন্য দীর্ঘমেয়াদী স্থিতিশীলতা সুরক্ষিত করার জন্য একটি রেকর্ড পরিমাণ বিনিয়োগ ঘোষণা করেছেন

***2024 অর্থবছরের বাজেট MTA-কে সামঞ্জস্যপূর্ণ পে-রোল গতিশীলতা কর এবং নিউ ইয়র্ক সিটি থেকে বর্ধিত অবদানের মাধ্যমে "আর্থিক ক্লিফ" থেকে রক্ষা করে***

***MTA নিউ ইয়র্ক সিটিতে পাঁচটি, ভাড়া-মুক্ত বাস রুট পাইলট চালু করবে এবং সাপ্তাহিক কার্যদিবসের দিনের মধ্যভাগে, সাপ্তাহিক কার্যদিবসের রাতে এবং সাপ্তাহিক ছুটির দিনগুলোতে সাবওয়ে পরিষেবা বাড়ানোর জন্য বিনিয়োগ করবে***

***MTA নয় এমন ট্রানজিট সিস্টেমগুলো প্রায় 1 বিলিয়ন মার্কিন ডলার তহবিল পাবে***

গভর্নর ক্যাথি হোকল আজ 2024 অর্থবছরের বাজেটে ট্রানজিট খাতের উল্লেখযোগ্য দিকগুলো ঘোষণা করেছেন। বাজেটে আমরা কীভাবে নিউ ইয়র্ক জুড়ে পাবলিক ট্রানজিটকে সমর্থন করি এবং আমাদের পরিবহন ব্যবস্থাকে আরও নিরাপদ এবং আরও নির্ভরযোগ্য করে তুলতে অর্থবহ ও উল্লেখযোগ্য পরিবর্তনগুলো অন্তর্ভুক্ত করি। এই বাজেট দেশের বৃহত্তম ট্রানজিট সিস্টেম MTA-কে একটি স্থিতিশীল দীর্ঘমেয়াদী আর্থিক পরিকল্পনা প্রদান করবে, কারণ এটি কোভিড-19 মহামারী থেকে পুনরুদ্ধার অব্যাহত রেখেছে।

"MTA নিউ ইয়র্ক সিটির প্রাণ এবং আমরা যাত্রীদের মহামারীর পূর্বের অবস্থায় ফিরিয়ে আনার ক্ষেত্রে অসাধারণ অগ্রগতি অর্জন করেছি," **গভর্নর হোকল বলেন।** "এই বাজেটের মাধ্যমে, MTA-এর কাছে আগামী বছরগুলোতে নিউ ইয়র্কবাসীদের সেবা চালিয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় সম্পদ থাকবে। আমি এই সহযোগিতামূলক প্রক্রিয়ার জন্য সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিনস ও স্পিকার হেস্টিকে সাধুবাদ জানাই যা আমাদের ট্রানজিট সিস্টেমকে স্থিতিশীলতা প্রদান করবে এবং স্পষ্ট করে দেবে যে জিপ কোড নির্বিশেষে নিউ ইয়র্কবাসীরা নির্ভরযোগ্য ট্রানজিট অ্যাক্সেসের যোগ্য।"

MTA-এর দীর্ঘ-মেয়াদী আর্থিক স্থিতিশীলতা শক্তিশালী করার পাশাপাশি যাত্রীদের নিরাপত্তার ক্ষেত্রে অব্যাহত অগ্রগতি নিশ্চিত করার জন্য গভর্নর হোকল MTA, নিউ ইয়র্ক সিটি ও স্টেটের অংশীদারদের সঙ্গে নিরলসভাবে কাজ করে গেছেন। বাজেটের মধ্যে রয়েছে:

- ব্যয় কমানো এবং গ্রাহকদের জন্য পরিষেবা উন্নত করার জন্য MTA-এর কার্যপরিচালনার কর্মদক্ষতা বৃদ্ধির জন্য 400 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বরাদ্দকরণ।
- নিউ ইয়র্ক সিটির সবচেয়ে বড় ব্যবসার জন্য পে-রোল মোবিলিটি ট্যাক্সের (Payroll Mobility Tax, PMT) শীর্ষ হার বৃদ্ধি করার মাধ্যমে প্রতি বছর অতিরিক্ত 1.1 বিলিয়ন মার্কিন ডলার সংগ্রহ করা।
- 2025 সালের মধ্যে প্যারাট্রানজিট পরিষেবাগুলোর জন্য নিউ ইয়র্ক সিটির তহবিলের অংশ বৃদ্ধি, বার্ষিক প্রায় **165 মিলিয়ন মার্কিন ডলার** সংগ্রহ করা।
- MTA-এর কার্যপরিচালনার রাজস্বের উপর মহামারীর ব্যাপক প্রভাব মোকাবেলা করার জন্য **300 মিলিয়ন মার্কিন ডলারের** এককালীন স্টেট সহায়তা প্রদান করা।
- সাপ্তাহিক কার্যদিবসের দিনের মধ্যভাগে, সাপ্তাহিক ছুটির দিন এবং সপ্তাহের রাতে সাবওয়ে পরিষেবা উন্নত করতে **35 মিলিয়ন মার্কিন ডলার** বিনিয়োগ।
- MTA-এর প্রস্তাবিত ভাড়া বৃদ্ধির পরিমাণ 5.5 **শতাংশ** থেকে কমিয়ে 4 **শতাংশে** নামিয়ে আনতে **65 মিলিয়ন মার্কিন ডলার।**
- রাইডারদের সুরক্ষার জন্য নিরাপত্তা খাতে **35 মিলিয়ন মার্কিন ডলার** বিনিয়োগ করা।
- তিনটি ডাউনস্টেট ক্যাসিনোর লাইসেন্স প্রদান করা হলে লাইসেন্সিং ফি হিসেবে সংগ্রহ করা **1.5 বিলিয়ন মার্কিন ডলারের** একটি অংশ এবং ক্যাসিনোগুলো থেকে ক্রমবর্ধমান বার্ষিক কর রাজস্ব হিসেবে সংগৃহীত আনুমানিক 231 থেকে 413 মিলিয়ন মার্কিন ডলারের একটি অংশ MTA-এর কার্যপরিচালনার জন্য বরাদ্দ করা।
- নিউ ইয়র্ক সিটিতে **পাঁচটি ভাড়া-মুক্ত বাস রুট** সরবরাহকারী একটি পাইলট প্রোগ্রামের জন্য **15 মিলিয়ন মার্কিন ডলার**।

উপরন্তু, গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটি অটোমেটিক বাস লেন এনফোর্সমেন্ট (Automatic Bus Lane Enforcement, ABLE) প্রোগ্রামটি সম্প্রসারিত করে যাত্রীদের সুরক্ষার জন্য পদক্ষেপ নেবেন যা বাসওয়েগুলোকে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী এমন অতিরিক্ত লঙ্ঘনগুলো কভার করবে। এটি যাত্রীদের জন্য বাস পরিষেবা উন্নত করবে এবং দুর্ঘটনার সম্ভাবনা হ্রাস করবে।

2024 অর্থবছরের বাজেটে স্টেট ব্যাপী পাবলিক ট্রানজিটের অ্যাক্সেস এবং ক্রয়ক্ষমতা সম্প্রসারণ করার পাশাপাশি স্টেটজুড়ে ট্রেন, বাস, ও সাবওয়েগুলোতে জনসাধারণের নিরাপত্তা উন্নত করার জন্য ট্রানজিট খাতে গভর্নর হোকলের রেকর্ড পরিমাণ বিনিয়োগের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে।

- গণ পরিবহনের কার্যপরিচালনার ক্ষেত্রে সহায়তার জন্য **9.4 বিলিয়ন মার্কিন ডলার**, যার মধ্যে নন-MTA ট্রানজিট সিস্টেমগুলোর কার্যপরিচালনায় সহায়তার জন্য **829 মিলিয়ন মার্কিন ডলার** অন্তর্ভুক্ত রয়েছে।
- কমিউটার-ফার্স্ট পেন স্টেশনের জন্য **1.3 বিলিয়ন মার্কিন ডলার**, যে স্টেশনটি পশ্চিম গোলার্ধের ব্যস্ততম ট্রানজিট হাব।
- MTA নয় এমন ট্রানজিট সিস্টেমগুলোর জন্য বাসের বিদ্যুতায়নের জন্য **20 মিলিয়ন মার্কিন ডলার** এবং NFTA-এর লাইট রেলের পুনর্বাসনের জন্য **20 মিলিয়ন মার্কিন ডলার**।

2024 অর্থবছরের বাজেটে গভর্নর হোকল গত বছর পাঁচ বছরের পরিবহন মূলধন কর্মসূচি প্রতিষ্ঠার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তা পূরণ করে চলেছে।

- হাইওয়ে, সেতু, রেল, এভিয়েশন অবকাঠামো, নন-MTA ট্রানজিট, এবং DOT ফ্যাসিলিটিগুলোর উন্নয়নের জন্য রেকর্ড সৃষ্টিকারী 32.9 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছর মেয়াদী DOT মূলধনী পরিকল্পনার দ্বিতীয় বছরে প্রায় **7.1 বিলিয়ন মার্কিন ডলার** বরাদ্দকরণ, যার মধ্যে স্থানীয় সড়ক ও সেতুগুলোর জন্য **1.3 বিলিয়ন মার্কিন ডলার** অন্তর্ভুক্ত রয়েছে।
    - এর মধ্যে স্থানীয় কর্মসূচিগুলোর জন্য অতিরিক্ত **100 মিলিয়ন মার্কিন ডলার** অন্তর্ভুক্ত রয়েছে, যার মধ্যে কনসোলিডেটেড লোকাল স্ট্রিট অ্যান্ড হাইওয়ে ইমপ্রুভমেন্ট প্রোগ্রাম (Consolidated Local Street and Highway Improvement Program, CHIPS) এর জন্য **60 মিলিয়ন মার্কিন ডলার** এবং স্টেটের ভ্রমণের রুটগুলোর জন্য **40 মিলিয়ন মার্কিন ডলার** রয়েছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418